

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি,  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
www.nanl.gov.bd

নম্বর: ৪৩.২৫.০০০০.০০৭.৩২.০০২.১৮.২৬

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৫  
২৭ নভেম্বর ২০১৮

### অফিস আদেশ

বাংলাদেশ একটি উদীয়মান, প্রগতিশীল, গণতান্ত্রিক, উন্নয়নশীল রাষ্ট্র। সরকার আগামী এক দশকে দেশ হতে ক্ষুধা, বেকারত্ব, অশিক্ষা, বঞ্চনা ও দারিদ্র্য দূর করে সুখ, শান্তি, সম্প্রীতি ও সমৃদ্ধি প্রতিষ্ঠা করার লক্ষ্য রূপকল্প ২০২১ প্রণয়ন করেছে। এই কৌশলটি বাস্তবায়িত হলে সুখী-সমৃদ্ধ 'সোনার বাংলা' গড়ে উঠবে এই লক্ষ্যকে সামনে রেখেই সুশাসন প্রতিষ্ঠায় সামগ্রিক উদ্যোগের সহায়ক কৌশল হিসাবে "সোনার বাংলা গড়ার প্রত্যয়; জাতীয় শুদ্ধাচার কৌশল" প্রণয়ন ও বাস্তবায়ন করা প্রয়োজন।

শুদ্ধাচার বলতে সাধারণভাবে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষকে বোঝায়। এর দ্বারা একটি সমাজের কালোত্তীর্ণ মানদণ্ড, নীতি ও প্রথার প্রতি আনুগত্যও বোঝানো হয়। ব্যক্তি-পর্যায় এর অর্থ হলো কর্তব্যনিষ্ঠা ও সততা, তথা চরিত্রনিষ্ঠা। এই জন্য সরকারী কর্মকর্তা-কর্মচারী ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে সকলের সক্রিয় অংশগ্রহণ প্রয়োজন। এ লক্ষ্য আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর থেকে বিভিন্ন ধরনের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দায়িত্ব নির্ধারণ করা হয়েছে এবং কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ দেয়া হয়েছে।

এমতাবস্থায়, অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীকে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষসাধন করে কর্তব্যনিষ্ঠা ও সততা তথা চরিত্রনিষ্ঠাবান হয়ে শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুসরণ ও বাস্তবায়নের মাধ্যমে কার্যকর অবদান রাখতে সকলকে অনুরোধ করা হল।



২৭-১১-২০১৮

দিলীপ কুমার সাহা

মহাপরিচালক

ফোন: ৫৮১৫৩৬৭০

ফ্যাক্স: ৫৮১৫৩৬৭১

ইমেইল: dg@nanl.gov.bd

নম্বর:

৪৩.২৫.০০০০.০০৭.৩২.০০২.১৮.২৬/১(১০)

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৫  
২৭ নভেম্বর ২০১৮


অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (অধিনস্তদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)

১) পরিচালক, পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

২) প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

৩) উপপরিচালক (আরকাইভস) (চলতি দায়িত্ব), উপপরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

- ৪) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৫) মাইক্রোফিল্ম অফিসার, মাইক্রোফিল্ম (সংরক্ষণ) অফিসারের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৬) বিবলিওগ্রাফার, বিবলিওগ্রাফি (সংকলন) , আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৭) বিবলিওগ্রাফার, বিবলিওগ্রাফি (প্রকাশনা ও রেফারেন্স) , আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৮) গবেষণা কর্মকর্তা, গবেষণা শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৯) সহকারী গ্রন্থাগার পরিচালক, সহকারী গ্রন্থাগার পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ১০) সাটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর



২৭-১১-২০১৮

মোঃ নূর হোসেন চৌধুরী  
জুনিয়র মাইক্রোফিল্মিং এন্ড ফটোস্ট্যাটিং  
অফিসার